



তথ্যবিবরণী

নম্বর-০৮

রাজশাহীতে ঘর পেল ভূমিহীন ও গৃহহীন ১৭৫টি পরিবার

রাজশাহী; ০৬ শ্রাবন (২১ জুলাই):

আশ্রয়ণ-২ প্রকল্পের আওতায় আজ রাজশাহী জেলায় ভূমিহীন ও গৃহহীন ১৭৫টি পরিবারকে জমিসহ ঘর প্রদান করা হয়। রাজশাহী বিভাগীয় কমিশনার জিএসএম জাফরউল্লাহ এনডিসি আজ সকালে চারঘাট উপজেলা পরিষদ মিলনায়তনে প্রধানমন্ত্রীর উপহারস্বরূপ উপজেলার উপকারভোগী ভূমিহীন ও গৃহহীনদের হাতে জমির দলিলসহ গৃহের প্রতীকী চাবি তুলে দেন। চারঘাট উপজেলায় ৩৩টি পরিবারকে এ পর্যায়ে গৃহ প্রদান করা হয়।

এ উপলক্ষে রাজশাহী জেলা প্রশাসন আয়োজিত এক অনুষ্ঠানে বিভাগীয় কমিশনার বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা পঞ্চগড় ও মাগুরা জেলার সকল উপজেলাসহ সারাদেশে ৫২টি উপজেলাকে গৃহহীন ও ভূমিহীন মুক্ত উপজেলা হিসেবে ঘোষণা করেছেন এবং এ পর্যন্ত বাংলাদেশে প্রায় দেড় লাখ ভূমিহীন ও গৃহহীন পরিবারকে ঘর প্রদান করা হয়েছে।

প্রধানমন্ত্রী যা প্রতিশ্রুতি দেন তা সময়মত পূরণ করেন উল্লেখ করে জিএসএম জাফরউল্লাহ বলেন, সারাদেশে যে ৫২টি উপজেলা ভূমিহীন ও গৃহহীন ঘোষণা করা হয়েছে তার মধ্যে সবচেয়ে বেশি ১০টি উপজেলা রয়েছে রাজশাহী বিভাগে। আবার রাজশাহী বিভাগের মধ্যে রাজশাহী জেলাতেই সবচেয়ে বেশি ৩টি উপজেলা ভূমিহীন ও গৃহহীন মুক্ত হয়েছে।

তিনি আরও বলেন, আমরা আর একেবারে গরীব নেই। আমরা মধ্যম আয়ের দেশে পরিণত হয়েছি। আর মাত্র সাড়ে আঠার বছর পরেই উন্নত বাংলাদেশে পরিণত হব। তিনি আশাবাদ ব্যক্ত করেন যে, আগামী ডিসেম্বরের মধ্যে আরও ১০০টি উপজেলাকে ভূমিহীন ও গৃহহীন মুক্ত উপজেলা হিসেবে ঘোষণা করা হবে এবং আগামী বছরের ডিসেম্বরের আগেই সারাদেশ গৃহহীন মুক্ত হয়ে যাবে।

উল্লেখ্য যে, প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ সকালে গণভবন থেকে ভার্চুয়ালি যুক্ত হয়ে সারাদেশে একযোগে ভূমিহীন ও গৃহহীনদের জন্য আশ্রয়ণ-২ প্রকল্পের আওতায় নির্মিত জমিসহ গৃহ হস্তান্তর কর্মসূচির উদ্বোধন করেন। এ প্রকল্পের অধীনে ২ শতাংশ খাস জমির বন্দোবস্ত করে উপকারভোগীদেরকে এসব গৃহ নির্মাণ করে দেয়া হয়েছে। এসব গৃহের প্রতিটিতে রয়েছে দুটি বেড রুম, একটি কিচেন, একটি ইউটিলিটি রুম ও একটি টয়লেট। সেমিপাকা প্রতিটি গৃহ নির্মাণে ব্যয় হয়েছে ২ লাখ ৫৯ হাজার টাকা।

অনুষ্ঠানে রাজশাহী জেলা প্রশাসক আব্দুল জলিল, চারঘাট উপজেলা চেয়ারম্যান আলহাজ্ব মো: ফখরুল ইসলাম, উপজেলা নির্বাহী কর্মকর্তা সৈয়দা সামিরা বক্তৃতা করেন। এ সময় অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব) আবু তাহের মো: মাসুদ রানা, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) মুহাম্মদ শরিফুল ইসলামসহ প্রিন্ট ও ইলেক্ট্রনিক্স মিডিয়ার সাংবাদিকবৃন্দ এবং উপকারভোগীসহ বিভিন্ন স্তরের ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

.....  
তৌহিদ/সিকান্দার/রুহুল/হালিম/২০২২/১৫.৩০ঘ.